তারিখ 16 JUL 2016
পৃষ্ঠা ১৮ কলাম ৫

দৈনিক জনকণ্ঠ

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজ চত্বরে হবে বিশ্ববিদ্যালয়

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** চট্টগ্রাম মেডিক্যাল কলেজ ক্যাম্পাসের পাহাড়ী জমিতে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে বলে জানিয়েছেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশারফ হোসেন। শুক্রবার সকালে মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের জন্য স্থান পরিদর্শন শেষে তিনি এ কথা বলেন। গণপূর্তমন্ত্রী বলেন, মেডিক্যাল স্টাফ কোয়ার্টার ও অধ্যক্ষের বাংলো সংলগ্ন এলাকায় প্রচুর জায়গা আছে। সেখানে পাহাড়ের ওপর দৃষ্টিনন্দন বিশ্ববিদ্যালয় হতে পরে। হিলটপ এরিয়াতে বিশ্ববিদ্যালয় করলে ভাল হবে। পাহাড়ী এলাকার পরিবেশ ও গাছপালা ঠিক রেখে এখানে বিশ্ববিদ্যালয়ের ভবন নির্মাণ করা হবে। তিনি বলেন, প্রকৌশলী ও স্থপতিরা বিবেচনা করে তাদের পর্যবেক্ষণ জানাবেন। সে অনুযায়ী পরিকল্পনা গ্রহণ করা হবে। পরিদর্শনের সময় চট্টগ্রাম মেডিক্যালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল জামাল উদ্দিন, কলেজের অধ্যক্ষ সেলিম মোহাম্মদ জাহাঙ্গীর, সাবেক সিভিল সার্জন সরফরাজ খান, বিএমএ (চট্টগ্রাম) সভাপতি ডাঃ মজিবুল হক খান, স্বাচিপ সভাপতি ডাঃ শেখ সফিউল আজম, বিএমএ সাধারণ সম্পাদক ডাঃ মোহাম্মদ শরীফ ও স্বাচিপ মেডিক্যাল শাখার সাধারণ সম্পাদক নাসির উদ্দিন মাহমুদ উপস্থিত ছিলেন।